# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 30 June, 2025

হলিউডের সর্বোচ্চ পারিশ্রমিকপ্রাপ্ত অভিনেত্রীদের একজন স্কারলেট জোহানসন। তার অভিনয় দক্ষতা ও মনোমুগ্ধকর ব্যক্তিত্বের কারণে ইন্ডাস্ট্রিতে তিনি বিশেষ স্থান অধিকার করেছেন। শিশুশিল্পী হিসেবে ক্যারিয়ার শুরু করেও পরিণত হয়েছেন মার্ভেল সিনেমার বিখ্যাত ‘ব্ল্যাক উইডো’ চরিত্রে।

স্কারলেটের প্রথম সিনেমা ছিল ১৯৯৪ সালে মুক্তিপ্রাপ্ত ‘নর্থ’, যেখানে মাত্র নয় বছর বয়সে লরা নেলসনের ভূমিকায় অভিনয় করেন। ওই সময় তিনি ইথান হকের সঙ্গে অফ-ব্রডওয়ে প্রযোজনা ‘সোফিস্ট্রি’তেও অভিনয় করেছিলেন।

তার পরের উল্লেখযোগ্য সিনেমাগুলোর মধ্যে রয়েছে ‘জাস্ট কজ’ (১৯৯৫), ‘ম্যানি অ্যান্ড লো’ (১৯৯৬) ও ‘দ্য হর্স হুইস্পেরার’ (১৯৯৮)। ২০০৩ সালে ‘ঘোস্ট ওয়ার্ল্ড’ সিনেমায় কিশোরী চরিত্রে তিনি নজর কেড়েছিলেন।

বয়স বাড়ার সঙ্গে সঙ্গে প্রাপ্তবয়স্কদের ভূমিকায় অভিনয় শুরু করেন এবং ‘লস্ট ইন ট্রান্সলেশন’ সিনেমায় হতাশা ও জীবনের দ্বন্দ্বে ভুগা শার্লট চরিত্রে অসাধারণ অভিনয় দেখান।

তার প্রথম বিগ-বাজেট অ্যাকশন সিনেমা ছিল ‘দ্য আইল্যান্ড’। তবে তিনি আসল খ্যাতি পান ২০১০ সালে ‘আয়রন ম্যান-২’ সিনেমায় ব্ল্যাক উইডো চরিত্রে অভিনয়ের মাধ্যমে, যা তাকে মার্ভেল আইকন হিসেবে প্রতিষ্ঠিত করে। ২০২১ সালে একই চরিত্রে শেষবারের মতো বড় পর্দায় হাজির হন।

ফোর্বসের ১০০ প্রভাবশালী সেলেব্রিটির তালিকায় তিনি ২০২১ এবং ২০২৫ সালে স্থান পান। সর্বশেষ, স্কারলেট জোহানসন অভিনীত ‘জুরাসিক ওয়ার্ল্ড রিবার্থ’ সিনেমাটি থিয়েটার ও বক্স অফিসে সাফল্য লাভ করছে।

স্কারলেট জোহানসন হলিউড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 23:48

URL: https://www.timestodaybd.com/entertainment/7758073940